

শিবির হুমকি দিয়েছে ধর্মঘটের

ইসলামী বিশ্ববিদ্যালয়ে আগামীকাল থেকে ভর্তি পরীক্ষা শুরু হচ্ছে

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ২৪শে ফেব্রুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ে স্নাতক সন্মান ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত করা সম্পর্কে ছাত্র সংগঠনগুলোর মধ্যে মতপার্থক্য দেখা দিয়েছে। ছাত্রশিবির হল বন্ধ রেখে পরীক্ষা নেয়ার বিরোধিতা করছে। এবং ভর্তির তারিখ হতে অনির্দিষ্টকালের জন্য কুষ্টিয়া-ঝিনাইদহে বাস ধর্মঘট ডাকার হুমকি দিয়েছে। অন্যদিকে ছাত্রলীগ (শা-পা), জাতীয়তাবাদী ছাত্রদল, ছাত্র ইউনিয়নসহ বিভিন্ন ছাত্রসংগঠন যেকোন মূল্যে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত করে ক্লাস চালুর দাবি জানিয়েছে। ছাত্রশিবিরের হুমকির পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রশিবির সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে শোকজ করেছে। ছাত্র শিবিরের বিরোধিতার মুখে ২২শে ফেব্রুয়ারি কুষ্টিয়া-ঝিনাইদহের জেলা ও পুলিশ প্রশাসন এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের যৌথ সভায় দুই জেলা প্রশাসন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত করার জন্য সার্বিক সহযোগিতার আশ্বাস দিয়েছে।

ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষজনিত কারণে ইতিমধ্যেই দু'বার ভর্তি পরীক্ষা বাতিল হয়েছে। বিগত দিনে ভর্তি পরীক্ষার সময় ছাত্রসংগঠনগুলো ক্ষমতার দাপট দেখাতে যেয়ে শিবিরের সন্ত্রাসীদের হাতে একজন অভিভাবক নিহত হওয়ার কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবার আবাসিক হলগুলো বন্ধ রেখে পরীক্ষা অনুষ্ঠানের সিদ্ধান্ত নিয়েছে। এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব গাড়িতে ভর্তি ছাত্রছাত্রীদের আনা নেয়ার ব্যবস্থা থাকতে থাকবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে।

ইসলামী বিশ্ববিদ্যালয় স্নাতক (সন্মান) ১৯৯৬-৯৭ সেশনের ভর্তি পরীক্ষা ২৬শে ফেব্রুয়ারি হতে শুরু হবে। এর আগে পরীক্ষার তারিখ দুইবার পরিবর্তিত হয়েছে। ৩য় বারের মত ২৬শে ফেব্রুয়ারি হতে ৪ঠা মার্চ পর্যন্ত ৬টি ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবারের ভর্তি পরীক্ষায় ২৪ হাজার ৫শ' ৫৬ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। পরীক্ষাসমূহ প্রত্যেক দিন তিনটি শিফটে অনুষ্ঠিত হবে। ক ইউনিটের পরীক্ষা ২৬শে ফেব্রুয়ারিতে সমাজ বিজ্ঞান অনুষদে সকাল ১০টা হতে ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। খ ইউনিটের পরীক্ষা ২৭শে ফেব্রুয়ারি সকাল ১০টায় ১-১৮৬০ পর্যন্ত মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদে, ১৮৬১-২২০০ বিজ্ঞান অনুষদে, ১২-৩০ টায় ২২০১-৪০৬০ মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদে, ৪৪০১-৪৬১৮ পর্যন্ত কেন্দ্রীয় লাইব্রেরী ভবনে ১লা ও ২রা মার্চে

গ ও ঘ ইউনিটে সকাল ১০টায় ১-১৮৬০ মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদে, ১৮৬১-২২০০ বিজ্ঞান অনুষদে, দুপুর ১২৩০টায় ২২০১-৪০৬০ মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদে, ৪০৬১-৪৪০০ বিজ্ঞান অনুষদে, বিকাল ৩টায় ৪৪০১-৬২৬০ পর্যন্ত মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদে, ৬২৬১-৬৫৪৭ পর্যন্ত বিজ্ঞান অনুষদে। ৩রা মার্চ 'ঙ' ইউনিটের পরীক্ষা ১০টা হতে ১-১৮৬০ পর্যন্ত মানবিক ও সমাজ বিজ্ঞান ভবনে এবং ১৮৬১-২২০০ বিজ্ঞান ভবনে, ১২-৩০টায় ২২০১-৩২৪৩ মানবিক ও সমাজবিজ্ঞান ভবনে অনুষ্ঠিত হবে। ৪ঠা মার্চ 'চ' ইউনিটের পরীক্ষা ১০টা হতে শুরু হবে। ১-১৮৬০ পর্যন্ত রোলধারীদের জন্য মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদে, ১৮৬১ থেকে ২২০০ পর্যন্ত বিজ্ঞান ভবনে। দুপুর ১টায় ২২০১-৩২৪৬ পর্যন্ত মানবিক ও সমাজবিজ্ঞান ভবনে অনুষ্ঠিত হবে।